



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন সনদ



স্মারক নং- ১৭৭/নতুন/ইংলিশ/৫৪৯

তারিখ : ১১/১০/২০২১

প্রত্যয়ন করা যাচ্ছে, **International School Dhaka**, প্লট: ৮০, ব্লক: ই, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯ কে Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপধারা (৩)-এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টিকে ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৩ তারিখ ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে ('O' Level & 'A' Level) সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে

## শর্তসমূহ

- ১। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন বিধিমালা ২০১৭ এর ৭ উপবিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন নিতে হবে।
- ২। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
- ৩। বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৪। বিধিমালার ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৫। বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
- ৬। উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
- ৭। উল্লিখিত বিধিমালার ১০-এর ২ ও ৫ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভান্ডানো বা উত্তোলন করা যাবে না।
- ৮। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রতিশ্রেণিতে পাঠদান করাতে হবে।
- ১০। বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করতে পারবে।
- ১১। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যান্য ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত ফি জমাদানপূর্বক নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।
- ১২। ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাঞ্চ স্কুল থাকলে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
- ১৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- ১৪। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলি/জাতীয় দিবসসমূহ পালন করতে হবে।
- ১৫। বিধিমালার ৬(১) উপবিধি মোতাবেক প্রতি ০৩ (তিন) বছর অন্তর নিবন্ধন নবায়ন করাতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

International School Dhaka

প্লট: ৮০, ব্লক: ই,


বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯।

মেমো নং- ৫৪৯(৬)

তারিখ : ১১/১০/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। পরিচালক/প্রতিষ্ঠাতা, **International School Dhaka**
- ৫। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।